112

দৈনিক ইত্তেফাক

তারিখ 15 DEC
পৃষ্ঠা ৯ কলাম ৭



লিয়াকত শরীফ

# শিক্ষাক্ষেত্রে অবদান রাখায় পুরস্কৃত

**খুলনা ব্যুরো ঃ** খুলনা সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লিয়াকত আলী শরীফ প্রাথমিক শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদান রাখায় ক্লাস্টার পর্যায়ে শ্রেষ্ঠ বিদ্যাউৎসাহী ব্যক্তি হওয়ায় থানা পর্যায়ে শ্রেষ্ঠত্ব, মহানগরী পর্যায়ে শ্রেষ্ঠত্ব, জেলা পর্যায়ে শ্রেষ্ঠত্ব, বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব এবং পরিশেষে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে শ্রেষ্ঠ বিদ্যাউৎসাহী ব্যক্তি হিসেবে নির্বাচিত হয়েছেন। এ বিরল কৃতিত্ব অর্জন এবং সম্মানে ভূষিত হওয়ায় আইইবি খুলনা কেন্দ্রের ৫০ বছরপূর্তির সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে স্বীকৃতিস্বরূপ আইইবি-এর ক্রেস্ট শুভেচ্ছা স্মারক হিসেবে প্রদান করা হয়।

কেসিসির প্রধান প্রকৌশলী লিয়াকত আলী শরীফ প্রধান অতিথি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী তালুকদার আব্দুল খালেকের হাত হতে ক্রেস্ট গ্রহণ করেন।

তিনি ছাত্রজীবনে খুলনার ইঞ্জিনিয়ারিং কলেজ ছাত্র সংসদের প্রথম নির্বাচিত ভিপি ছিলেন। তিনি সমাজসেবায় বিশেষ অবদান রাখার জন্য ইতিপূর্বে রুমা স্মৃতি সংসদ কর্তৃক রুমা স্মৃতি পদক পান। তিনি পেশায় দেশ-বিদেশ থেকে বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেন।